



চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

বাবুরহাট, চাঁদপুর

যোগাযোগ:

০৮৪১-৬৫১১১ (অফিস)

ইমেইল: chandpurpbs2@gmail.com

ওয়েব: pbs2.chandpur.gov.bd

দরপত্র বিজ্ঞপ্তি

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কর্তৃক পবিস এর নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী মালামালসমূহ ক্রয়/সরবরাহ এর জন্য বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

দরপত্র নং	ক্রয়তব্য মালামালের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	জামানতের পরিমাণ	দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী
০১/২০-২১	কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ	১০০০.০০	২০,৫০০.০০	২৭/০৭/২০২০ খ্রিঃ তারিখ হতে ১৬/০৮/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ের মধ্যে)	গ্রহণ
০২/২০-২১	মুদ্রণ মালামাল	১০০০.০০	৪৩,০০০.০০		১৭/০৮/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত।
০৩/২০-২১	স্টেশনারী সামগ্রী	১০০০.০০	১৩,০০০.০০		খোলা
০৪/২০-২১	ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল	১০০০.০০	১৬,৬০০.০০		১৭/০৮/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত।
০৫/২০-২১	ইউনিফরম	১০০০.০০	১০,৬০০.০০		

শর্তাবলী :

- ০১। অগ্রহী দরদাতাগণ চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলে উল্লেখিত দরপত্র দলিলের মূল্য বাবদ (অফেরৎ যোগ্য) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর অফিস হতে অথবা জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, খলিশাডুলী, বাবুরহাট, চাঁদপুর এর অফিস হতে দরপত্রে উল্লেখিত সময় সীমার মধ্যে (২৭/০৭/২০২০ খ্রিঃ তারিখ হতে ১৬/০৮/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত) দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার সার্ভিস যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০২। সীলমোহরকৃত দরপত্রসমূহ উপরে বর্ণিত সময়সীমার (১৭/০৮/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা) মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, খলিশাডুলী, বাবুরহাট, চাঁদপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। খামের উপর সরবরাহকৃত মালামালের বিবরণ উল্লেখ থাকতে হবে। প্রতিটি দরপত্রের সাথে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে দরপত্র দলিলে উল্লেখিত পরিমাণ টাকার (অফেরৎ যোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জামানত হিসেবে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, দরপত্র দলিলে বর্ণিত সকল শর্ত ও নির্দেশনাবলী প্রতিপালন সাপেক্ষে আনুষঙ্গিক সকল কাগজপত্র দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র নন রেস্পনসিভ হিসেবে বিবেচিত হবে।
- ০৩। দরপত্রসমূহ আগামী ১৭/০৮/২০২০ খ্রিঃ তারিখ দুপুর ১২:৩০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর কার্যালয়ে এবং চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, খলিশাডুলী, বাবুরহাট, জেলা- চাঁদপুর-এ স্ব স্ব স্থানে একই সময়ে খোলা হবে।
- ০৪। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে নিম্ন স্বাক্ষরকারীর সঙ্গে টেলিফোনে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র আংশিক অথবা সম্পূর্ণ গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

জেনারেল ম্যানেজার

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

টেলিফোন নম্বর: ০৮৪১৬৫১১১

ই-মেইল: chandpurpbs2@gmail.com

Website: pbs2.chandpur.gov.bd

“ বিদ্যুৎ অপচয় রোধ করি, আলোকিত বাংলাদেশ গড়ি ”